আমি কখনোই ভাবিনি....

মিখাইল যাদোরনভ

অনুবাদঃ নিবারণ চক্রবর্তী

আমার জন্ম হয়েছিল ইউরমালা শহরে, রিগার কাছে।

চল্লিশ বছর বয়স অব্দি আমি ভাবিনি যে আমার জন্ম হয়েছিল বিদেশে। ছেলেবেলায় আমি খুব আনন্দ পেতাম ভেবে যে পৃথিবীতে আমার আগমন ঘটেছে যুদ্ধোত্তর শান্তিপূর্ণ সময়ে। যুদ্ধের কথা জেনেছি শুধু আর্ট ফিল্ম দেখে। কখনোই ভাবিনি যে যুদ্ধ দেখতে হবে টেলিভিশনের পর্দায়, একের পর এক , ক্রমান্বিত সিরিজের মত।

আমি সরল মনে ধরে নিয়েছিলাম মানব জাতির সাথে সব ধরণের গবেষনাই শেষ হয়ে গিয়েছে দ্বিতীয় মহাযুদ্ধের সাথে সাথে। আর আমাদের তো চিরকালের জন্য যথেষ্ট Great Patriotic War.

বিদ্যালয়ে যখন শিক্ষারত, আমি নিশ্চিত ছিলাম যে সর্ববৃহৎ শান্তিপূর্ণ এবং পৃথিবীর শ্রেষ্ঠতম দেশে বাস করি। কখনোই ভাবিনি যে দূর ভবিষ্যতে 'আপনি কোত্থেকে?' লজ্জায় আরক্তিম হয়ে এই প্রশ্নের উত্তর দিতে হবে 'রাশিয়া থেকে'। যেন ক্ষমা করবেন , এরকম হয়ে গেল আর কি। এবং তৎক্ষণাৎ সংযোজন করতে হবে 'তবে আমি মাফিয়া নই।'

হ্যা, আমি কখনোই ভাবিনি যে আমার জীবনে এতকিছু ঘটবে।

যেমন, ছাত্রাবাসে যখন সর্ব সোভিয়েত ফুটবল খেলোয়াড়দের বিজয়ের সম্মানে দাঁড়িয়ে আমাদের জাতীয় সঙ্গীতের তালে তালে মেয়োনেজের বোয়েম থেকে ভোদ্‌কা পান করতাম, আমি কখনোই ভাবিনি আমাদের এই সর্ব সোভিয়েত ফুটবল দলও থাকবে না, জাতীয় সঙ্গীতও থাকবে না।

আর যখন ছাত্রজীবনে কনস্ট্রাকসন ব্রিগেডে কাজ করতে যেতাম, দলের মেয়েগুলির সান্নিধ্য কিভাবে লাভ হবে বুঝতে না পেরে , সারারাত ঠান্ডায় জমে যাওয়া পায়ে কাঠ পোড়ানো আগুনের সামনে গান গাইতাম, 'প্রিয়তমা আমার আরণ্যিক সূর্য তুমি---।'

আমরা কখনোই ভাবতে পারিনি একদিন অনায়াসে অতিরিক্ত ঝক্কি ছাড়াই ইন্টারনেটে সম্ভব হবে রতিক্রিয়া, ই-মেইলে একে অপরের গুষ্টি উদ্ধার। আর মোজার্ট এবং বীটহোভেন দিনে কয়েকবার শোনা যাবে টেলিফোনে-বিরতির সময়ে , যখন গ্রাহকের সাথে 'আপনার কানেকশান দেয়া হবে।' আমি ভাবি, মোজার্ট ও বীটহোভেন কখোনই ভাবেননি যে, যে সুর ওঁরা রচনা করে চলেছেন তা তৈরী হচ্ছে আদর্শিকভাবে ভবিষ্যতের টেলিফোনের বিরতির সময়ের জন্য। আর চাইকোভস্কি কখোনই ভাবতে পারেননি যে, তার রচিত অনবদ্য মূর্ছনা swan lake টেলিভিশনে কোন অভ্যুত্থান এবং শেষকৃত্যের অনুষ্ঠানে টেলিকাস্ট করা হবে।

পরবর্তীতে আমি যখন গোপন ল্যাবটরিতে কাজ করতাম সিক্রেট নভোজাহাজের এঞ্জিনের গোপনতম ব্লো পাইপ নির্মাণে, আমি জানতাম না যে, সেই স্পেস ক্র্যাফটির আর প্রয়োজন হবে না ভবিষ্যতে। এটিকে এনে পার্কে ফেলে রাখা হবে। ক্র্যাফটের অভ্যন্তরে তৈরী হবে রেঁস্তোরা বুরান। পার্কের পর্যটকেরা এই স্পেস ক্র্যাফটের ভেতর বসে আহার করবেন। আমি যে তখন সন্দেহও করতে পারিনি যে আমার এঞ্জিনিয়ারিং বুদ্ধি, বর্তমানের স্পেস ক্র্যাফট তথা ভবিষ্যতের রেঁস্তোরা নির্মাণ কার্যে ব্যয় হচ্ছে।

আমি কখনোই ভাবিনি যে, নোবেল পুরস্কার বিজয় করতে পারে মানুষ সৃষ্টি নয় বরং ধ্বংস করে। এই ধ্বংসের জন্য দরকার অন্তত পক্ষে পরাশক্তি। তাহলে নোবেল বিজয়ের সব চানস্‌ই থেকে গেল। অবশ্য কঠোর শর্ত সাপেক্ষে, যেন তোমার পরনে থাকে বন্ধুত্বের বারতা বাহক ডিনার জ্যাকেট।

মনে পড়ে, কাজ শেষে, সিনেমা হলে বসে কোন পশ্চিমা ছবি দেখতে দেখতে ক্ষুব্ধ বোধ করতাম কারণ আমাদের সেন্সর কমিটি ছবির সেই অংশগুলোই কেটে ফেলতো যা দেখতেই সিনেমা হলে আসা। আর সন্ধ্যায় কারো বাড়তি টিকিট কেনার চেষ্টা করতাম যেন কোন না কোন উপায়ে থিয়েটারে যাওয়া হয়। যে কোন আসনই চলবে , এমনকি সেই শেষ আসনটি

যেখানে চেয়ারটি ভাঁজ করে ওর উপর দাঁড়ালে মঞ্চটি দেখা যায়। আমাদের তারুণ্য কাঁপিয়ে দিত বালক চরিত্রে অভিনয়েরত চল্লিশ বছর বয়সী Pioneer travesty . তার রমনীয় সুউচ্চ বক্ষে টাই টি ঝুলে থাকার সুযোগ পেত না। পড়ে থাকতো বক্ষ জুড়ে , অনেকটা যেন মেঝের সমন্তরালে।

আমাদের সেই অন্ধকার অতীতে আমরা কেউ তখন ভাবিনি, যে একদিন আমাদের আলোকিত ভবিষ্যতে নবীন ভাবে পরিচালিত হবে সবকিছু। নতুন এই পরিচালনার ধাঁচে চাইকা (গাংচিল) হবে নার্কো আসক্ত; ওথেলো-সমকামী, ডেজডিমনা-তার পুরুষ পার্টনার; আন্তন চেখভের তিন সহোদরার (ত্রি সিসত্রি) দুজন হবে পতিতার সমপর্যায়ের রূপায়িত চরিত্র আর অপরজন সেক্স মাইনরিটির প্রতিনিধি। আর ইভগেনী শভার্তসের উলঙ্গ রাজা নগ্নবাদী সৈকতে প্রতিটি শব্দের পর চিৎকার করে বলবে 'শালা ঝড় উঠেছে।'

আরো মনে পড়ছে Ester -এর সময়ে আমরা গোপনে যখন শোভাযাত্রা দেখতে যেতাম, আমি ঈর্ষার সাথে তাদেরকে দেখতাম, যাদেরকে সেই সময়েও বিশ্বাস করার কিছু ছিল। তখনও ভাবিনি আমাদের যুব পুরোহিতরা বলবে পশ্চিমী ধাঁচে 'okay.' পানি পড়া দেবে সবকিছুর জন্যে সুনির্দিষ্ট মূল্যে কিন্তু বিদেশী মুদ্রায়। সুনির্দিষ্ট মূল্যের মেনুতে ছিল ঝিগুলি গাড়ির সদ্য ক্রয়কৃত বাম্পারের জন্য ২০ ডলার। ভোল্গা গাড়ির বনেটের জন্য ৪০ ডলার। একটু বেশী। কারণ আয়তনে ভোল্গা গাড়ির বনেট বেশ বড় তাই পড়া পানির পরিমাণও যে বেশী। আর বিদেশী ব্র্যান্ড হলে তো কথাই নেই। পানি পড়ার রেট ১০০০ ডলার । কেন এত বেশী? কারণ বিদেশী, অর্থাৎ এ এলাকার নয় মানে জিনিসটি যে অর্থোডক্স ধর্মাবলম্বী নয়।

আমি কখনোই ভাবিনি যে আমরা দুটি ভিন্ন জীবন যাপন করবো এই দু সময়ে। এই বৃদ্ধকালে দেখব একটি সময় থেকে আরেকটি সময়ের আকস্মিক লক্ষ-period of stagnation থেকে period of hypostasis.

আমার এ রচনায় ও অন্য সকল রম্য রচনায় আমি লেখার মাধ্যমে গণতন্ত্রের পক্ষে যুদ্ধ করেছি । এই-ই আমার যুদ্ধ বলে আমি মনে করি। তবুও দিব্যি করে বলতে পারি, আমি ভাবি নি আমাদের রাশিয়ায় আসবে গণতন্ত্র। যে গণতন্ত্র এখন এসেছে , তা সবার মতের নয় বরং একজন প্রধান গণতান্ত্রিকের মতের উপরই নির্ভরশীল।

শিকারী কুকুরকে কখনোই মধ্য জংগলে শিকারের পিছনে লেলিয়ে দিতে হয় না, যতক্ষণ না নিজে ঐ জঙ্গলের বাইরে চলে আসতে পারি। ১৯৯১ এর অগাস্টে ভবিষ্যত পরিবর্তনের আনন্দে অন্য অনেকের মত আমিও পুলকিত হয়েছিলাম। কিন্তু ধারণা করিনি একটি লেলিয়ে দেয়া শিকারী কুকুর আর আমরা একই জঙ্গলে অবস্থান করছি।

কখনোই ভাবিনি চৌর্যবৃত্তিকে আমরা নামকরণ করব-বিজনেস, বর্বরতাকে -গণতন্ত্র, বিশ্বাসঘাতকতাকে-ঐক্য, বেতন না দেয়াকে -বাজেট কাটিং, যুদ্ধকে -পরিষ্করণ, আর যা শব্দের দ্বারা ব্যাখ্যার অতীত-তা হল আধ্যাত্মবাদ ।

কখনোই ভাবিনি যে রাশিয়ায় সবথেকে ভয়ঙ্কর অভিশপ্ত কথাটি হবে 'তোর সন্তানরা যেন খনি শ্রমিক হয়।' কখনোই ভাবিনি সন্তানরা বাবা মা কে চিরকুটে লিখে রেখে যাবে, 'দুশ্চিন্তা করো না, স্কুলে বোমা বসিয়েছে, দেখতে গেলাম।' কখনোই ভাবিনি যে মস্কোর পাতাল রেলে কানে রিং পরলেই একজন মানুষ সহযাত্রীদের সন্দেহভাজন হবেন এইভেবে গ্রেনেড নেই তো ওর শরীরে ? তীক্ষ্ণ চোখে লক্ষ্য রাখবেন যেন কেউ অসাবধানে অনিচ্ছায় ওর কান মলে না দেয়, যতক্ষণ পর্যন্ত না ওরা বেরুতে পারছেন ট্রেনের কামরা থেকে।

কখনোই ভাবিনি যে আমাদের এই জীবনেই বর্তমান প্রজন্ম যাদের পছন্দ পেপসি, ম্যাকডোনালডস্ তারা গুলিয়ে ফেলবে বাইবেলে বর্ণীত প্রাচীন দেবতা Samson এর সাথে ইলেকট্রনিক্স কোম্পানি Samsung, Roerich এর সাথে প্রথম রাশিয়ান প্রিন্স Rurich, শিল্পী Rembrandt কে জার্মান নাৎসী সদস্য Ribbentrop, ফরাসী নাট্য শিল্পী Sara Bernhadt কে বিশালাকার প্রজাতির কুকুর Senbernar এর সাথে।
কখনো ভাবিনি যে 'তিন শূকর ছানা' ভিডিও ক্যাসেটের গায়ে লেখা থাকবে kids insurgent, উপন্যাস আন্না কারেনিনার প্রাইস ট্যাগে লেখা থাকবে erotic thriller.
কখনোই ভাবিনি যে টেলিভিশনের সুবাদে কিছু শব্দের প্রাথমিক অর্থের এতটাই পরিবর্তন আসবে যে, একজন স্যানিটারী মিস্ত্রি লজ্জিত বোধ করবেন গৃহকর্ত্রীকে ওয়াশার বদলানোর প্রস্তাবনায়,তাছাড়া এ রকম প্রস্তাবনায় গৃহকর্তা তার সর্ব 'আধ্যাত্মিক শক্তি' দিয়ে মিস্তিরির 'পরিষ্করণের' ব্যবস্থা নিতে পারেন।
লিঙ্ক :স্যানিটারি মিস্ত্রী

দাঁতের বিজ্ঞাপন দেখা প্রতিদিনের রুটিন এখন। সকালবেলা আমার দাঁতগুলো মন্দ দেখায় না, কিন্তু সন্ধ্যেবেলা দাঁতের পোকাগুলো যেন বেরিয়ে আসে। আর শ্যাম্পুর বিজ্ঞাপনের সেই খুশকীগুলো যেন আমার দুঃস্বপ্নে এসে সেই দাঁতের পোকাগুলোকে ছেয়ে ফেলে। টেলি বিজ্ঞাপনের এই বদৌলতে দুঃস্বপ্নের ঘোরে আমি চেঁচাতে থাকি। এই পঞ্চাশ বছর বয়সে সেই সুন্দর স্বপ্নে আর জেগে উঠতে পারি না যেমন কিনা বাল্যকালে সৌরজগতের অসীমতা, স্থান, কাল এবং অন্যান্য অনির্দিষ্ট দার্শনিক স্বপ্নের সুন্দর অনুভূতিতে আমি ঘুম ভেঙ্গে জেগে উঠতাম।
এবং পরিশেষে শীতল ঘাম ছেড়ে আমার আবার স্বপ্নভঙ্গ হবে হৃদয়ে চাপ পড়া সেই বিজ্ঞাপনটি দেখে যেখানে আমার বাল্যকালের রূপকথার নায়িকা স্নেগুরচকা অর্থাৎ বরফ কন্যা, একালের স্যানিটারি ন্যাপকিনের বিজ্ঞাপনে অংশগ্রহনরত। বিজ্ঞাপনে আমার রূপকথার বরফকন্যা আগুনে ঝাঁপ দিয়েছে—-গলছে —-গলছে -নিঃশেষ হয়ে যাচ্ছে তবুও অক্ষত আছে তার পরনের স্যানিটারি ন্যাপকিনটি। বরফকন্যার সেই শেষ হয়ে যাওয়া দেখে তীব্র বিষাদে কাঁদছে একজন বৃদ্ধ ও একজন বৃদ্ধা -- মানে আমি আর আমার স্ত্রী।
এই দুঃস্বপ্নটিই আমার কাছে বিশেষভাবে ভয়ংকর হয়ে রইবে। কারণ আমি যে দেখতে পাই বর্তমান প্রজন্মের রূপ। এ রূপ যেন বরফে গলে যাওয়া গতবছরের অতীত এবং সামনের ভবিষ্যতের মাঝের পর্দাটির মতই।

সেপ্টেম্বর ২১, ২০০৭
ফ্লোরিডা

... ...